আমার ও লোকদের উদাহরণ এমন লোকের মতো, যে আগুন জ্বালালো, তখন কীট-পতঙ্গসমূহ আগুনে পড়তে লাগলো। সে সেগুলোকে আগুন থেকে ফিরানোর চেষ্টা করল। আমিও তোমাদের কোমর ধরে আগুন থেকে বাঁচাবার চেষ্টা করছি। কিন্তু তোমরা আমার সামনেই পতিত হচ্ছ।

জাবের বিন আবদুল্লাহ ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফূ হিসেবে বর্ণিত, “আমার ও লোকদের উদাহরণ এমন লোকের মতো, যে আগুন জ্বালালো, তখন কীট-পতঙ্গসমূহ
আগুনে পড়তে লাগলো। সে সেগুলোকে আগুন থেকে ফিরানোর চেষ্টা করল। আমিও তোমাদের
কোমর ধরে আগুন থেকে বাঁচাবার চেষ্টা করছি। কিন্তু তোমরা আমার সামনেই পতিত হচ্ছ।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেন যে, নিশ্চয় তাঁর ও তাঁর উম্মতের অবস্থা এমন লোকের মতো যে আগুন জ্বালালো, তখন কীট-পতঙ্গগুলো আগুনে পড়তে লাগলো। কারণ, এটি ছোট ছোট কীট-পতঙ্গ ও পোকা-মাকড়ের অভ্যাস। মানুষ যখন যমীনে আগুন জ্বালায় তখন তারা এ আলোর দিকে ছুটে আসে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, অবশ্যই আমি তোমাদেরকে তাতে পতিত হওয়া থেকে বাধা দিচ্ছি। কিন্তু তোমরা আমার হাত থেকে ছুটে গিয়ে তাতে পতিত হচ্ছ।এটি সবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরোধিতা করা ও তার সুন্নাত ছেড়ে দেওয়ার কারণে হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/4970